# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**13 DECEMBER 2025** **7:35—7:40 AM**

---

ডিজিটেল যুগের প্রয়োজন অনুসারে যুবক যুবতীদের দক্ষতা প্রদানে সহায়তা করতে রাজ্য সরকারের লক্ষ্যের সঙ্গে সঙ্গতি রেখে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল গৌহাটীতে একটি টিভিএস ক্রেডিট প্রযুক্তি কেন্দ্রের উদ্বোধন করেন । চলতি বছরের ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্যায়ে স্বাক্ষরিত চুক্তির ফলস্বরূপ এই কেন্দ্রটি স্থাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে ফ৪এই কেন্দ্রটি আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যসমূহের প্রযুক্তিগত সক্ষমতা শক্তিশালী করতে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে । এর মাধ্যমে রাজ্যের দুশোরও বেশী যুবক যুবতীকে প্রযুক্তিগত দায়িত্ব পালনে দক্ষ করে তোলা হবে বলেও তিনি জানান । প্রথম পর্যায়ে টি ভি এস ২৫ জন প্রযুক্তি বিশেষজ্ঞকে নিযুক্তি দেবার সিদ্ধান্ত নিয়েছিলো বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী জানান যে এরমধ্যে ২১ জনকে ইতিমধ্যে নিযুক্তি দিয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং তারা বিভিন্ন উচ্চ পর্যায়ের প্রকল্পের কাজ করছেন । অনুষ্ঠানে রাজ্যের মূখ্য সচিব ড.রবি কোটা এবং টি ভি এসের প্রবীণ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও চিকিৎসা শিক্ষা বিভাগের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে আগামী ২২ ডিসেম্বর নিযুক্তিপত্র বিতরণ করা হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমযোগে এ কথা ঘোষণা করেছেন । তিনি জানান যে প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার নিযুক্তির ক্ষেত্রে কিছু জটিলতা দেখা দেওয়ার পরিপ্রেক্ষিতে এই প্রক্রিয়া কিছু বিলম্বিত হয়েছে তবে আগামী ২২ ডিসেম্বর এই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের হাতে নিযুক্তিপত্র তুলে দেওয়া হবে ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটি চানমারি আসাম অভিযান্ত্রিক প্রতিষ্ঠানের খেলার মাঠে আজ থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত চতুর্থ সমবায় মেলার আয়োজন করা হয়েছে । এই মেলায় আসাম তথা উত্তর-

পূর্বাঞ্চলের সমবায় সমিতিগুলি অংশ গ্রহণ করবে । মেলায় হাতেতৈরী কাপড় , বাঁস-বেতের নির্মীত সামগ্রী , মাটির কলস , পাট তিয়ে তৈরী সামগ্রী । কাঁশা সামগ্রী , পরম্পরাগত গয়না , স্থানীয় খাদ্য সামগ্রী , টেরাকোটা সামগ্রী সহ বিভিন্ন ধরণের অন্যান্য সামগ্রী বিক্রয় এবং প্রদর্শন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

পশ্চিমবঙ্গের হলদিয়ায় আগামী ১৬ জানুয়ারী থেকে অনুষ্ঠেয় তিনদিনব্যাপী ২২তম বিশ্ব বাংলা সাহিত্য ও সংস্কৃতি উৎসব - ২০২৬ এ আসামের কবি অনুপমা দাসকে আমন্ত্রণ জানানো হয়েছে । ১৯শো ৮০ সালে পান্থপাদপ নামক কাব্য রচনা দিয়ে শুরু করে কবি অনুপমা দাস পৃথিবীর সঙ্গে আমার দিবা-রাত্রী , তুমি আমার পৃথিবী , সময়ের দস্তাবেজ , কাগজের নৌকা কাব্যগ্রন্থ সহ ৬টি গ্রন্থ রচনা করেছেন । উল্লেখ্য যে ভারতীয় তথ্য সেবার অবসরপ্রাপ্ত যুগ্মসঞ্চালক শ্রীমতী দাস আকাশবাণী গৌহাটি কেন্দ্রের সংবাদ বিভাগে দীর্ঘদিন কর্মরত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে সঙ্গতি রেখে শ্রীভূমি জেলায়ও আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমির জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশ আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্টিত হবে । জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসাযোগ্য মামলার উভয় পক্ষকে লোক আদালতের মাধ্যমে দ্রুত মামলা নিষ্পত্তির সুযোগ নিতে জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে । উল্লেখ্য লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের পূর্বে বিভিন্ন বিবাদের নিষ্পত্তি করা হয় ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের সরবরাহ শাখা থেকে জানানো হয়েছে যে জেলায় খাদ্য সুরক্ষার কার্ড থাকা ব্যাক্তিদের জন্য সেপ্টেম্বর মাসের আটা বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে সেপ্টেম্বর মাসের জন্য কার্ড প্রতি এক কিলো ৫২৫ গ্রাম করে আটা আগামী ২০ ডিসেম্বরের মধ্যে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী সোমবার কাতিরাইলের মদুরয়ার কালীবাড়ী প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী চা জনজাতি ও আদিবাসী অনুর্ধ-১৭ ফুটবল প্রতিযোগীতায় ধলাই বিধানসভা কেন্দ্রে পশ্চিম জালেঙ্গা চা বাগান দল চ্যাম্পিয়ন হয়েছে । গতকাল ধলাই বি এন এম পি বিদ্যালয়ের খেলার আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় পশ্চিম জালেঙ্গা চা বাগান দল টাইবেকারে ৫-৪ গোলে মণিয়ারখাল চা বাগান দলেকে পরাজিত করে । উল্লেখ্য গত ৯ই ডিসেম্বর থেকে নয়টি চা বাগান দল নিয়ে এই প্রতিযোগীতা শুরু হয়েছিল ।

--------------------------------------------------------------------------------